AME (ICT RTHD) 11/09/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০০২.১৬-৫০০ তারিখঃ ১১-০৯-২০১৮

বিষয়ঃ "গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ২৯ আগস্ট ২০১৮ তারিখে "গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2018-09-12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ "গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, প্রকল্পটি ৫৯১৭৪.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ২৮-০৩-২০১৭ তারিখে অনুমোদিত হয়। ঢাকা জোনের ১৩৪.২০ কিলোমিটার মহাসড়ক আঞ্চলিক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের সার্বিক অগ্রগতি প্রায় ৪৬.০০%। ভুলতা-আড়াইহাজার-বান্ছারামপুর সড়কে রিজিড পেভমেন্টের নক্সা পরিবর্তন এবং বাস্তব অবস্থার প্রেক্ষিতে সড়ক প্রশস্তকরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। নয়াপুর-আড়াইহাজার-নরসিংদি-রায়পুরা সড়কের নির্ধারিত প্যাকেজের ২য় কিলোমিটার এ একটি কালভার্ট অন্তর্ভুক্ত আছে। বর্তমানে উক্ত স্থানে একটি ২০ মিটার সংকীর্ণ ও জরাজীর্ন সেতু রয়েছে। উক্ত ক্যানেলের ওপেনিং এবং ক্যাসম্যান্ট এরিয়া বিবেচনায় এখানে কালভার্টের পরিবর্তে আরসিসি সেতু করাই যুক্তিযুক্ত বলে মাঠ পর্যায়ে কর্মকর্তা ও ডিজাইন ইউনিট মতামত প্রদান করেছেন মর্মে প্রকল্প পরিচালক জানান। এ প্রেক্ষিতে আরসিসি সেতু নতুন প্যাকেজে অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে তিনি বলেন। এ প্যাকেজের ৭ম কিলোমিটারে একটি পুনরাতন ও জরাজীর্ণ কালভার্ট রয়েছে। এটি ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়নি। এ স্থানে কালভার্ট স্থাপন করা জরুরি মর্মে তিনি মত প্রকাশ করেন। ইটাখোলা-মটখোলা-কটিয়াদি সড়কে বর্ণিত প্যাকেজ দুইটি ইন্টারসেকেশন (শিবপুর ও হাতিরদিয়া) এবং দুইটি বাজর অংশ (ইটাখোলা ও সিএন্ডবি বাজার) অন্তর্ভুক্ত আছে। উক্ত ইন্টারসেকশন ও বাজর অংশের সড়কের প্রশস্ততা অনেক বেশী হওয়ায় সার্ফেসিং এরিয়া প্রায় ৮৫০০ বর্গমিটার বৃদ্ধি পাবে। বাজার অংশ থেকে পানি অপসারনের জন্য ১৫০০ মিটার আরসিসি ইউ ড্রেন প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। সড়কের বর্ণিত প্যাকেজের নয়াপারা-আড়াইহাজার-নরসিংদি-রায়পারা সড়কের প্রকল্পভুক্ত অংশ প্রশস্থকরণের জন্য বৃক্ষ অপসারণ করার সময় রাস্তায় সোল্ডারসহ মূল পেভমেন্টের কিছু অংশ বিধ্বস্থ হয়, যা মজবুতিকরণ করা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। তবে এ সকল পরিবর্তনের কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে না মর্মে প্রকল্প পরিচালক সভাকে জানান।

৩.২ বর্ণিত প্রকল্পের কিছু প্যাকেজের অগ্রগতি তুলনামূলকভাবে কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। অগ্রগতি কম হওয়ার বিষয়ে ঠিকাদারদের গাফিলতি থাকলে বিধি মোতবেক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় মত প্রকাশ করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক বিভিন্ন কাজের পরিমাণ নির্ধারণ করা হলে এ পর্যায়ে এত পরিবর্তনের প্রয়োজন হত না। ভবিষ্যতে এ বিষয়ে যথাযথ গুরুত্ব প্রদান করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার এবং প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলনপূর্বক ডিপিপি সংশোধনের নির্দেশনা প্রদান করা হয় যাতে ভবিষ্যতে আর সংশোধন করার প্রয়োজন না হয়।



www.rthd.gov.bd || date: 2018-09-12

৩

৪. সিদ্ধান্ত:

৪.১ যে সকল প্যাকেজের অগ্রগতি তুলনামূলকভাবে কম সে সকল প্যাকেজের ঠিকাদারদের গাফিলতি থাকলে তাদের বিরুদ্ধে বিধি মোতবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.২ প্রকল্পটি সংশোধনের প্রয়োজন হলে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে, যাতে ভবিষ্যতে আর ডিপিপি সংশোধনের প্রয়োজন না হয়।

৪.৩ ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক বিভিন্ন কাজের পরিমাণ নির্ধারণ করতে হবে।

৪.৪ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে, যাতে নির্ধারিত সময়ে প্রকল্প কাজ শেষ করা যায়।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-09-12